দৈনিক
ইনকিলাব

তারিখ 3 1 AUG 2008
পৃষ্ঠা ৫ কলাম ৫

# বেসরকারী ডিগ্রী কলেজে বিষয়ভিত্তিক ৩ জন করে শিক্ষকের এমপিওভুক্তির আদেশ বাস্তবায়ন না করায় জাসদের ক্ষোভ

স্টাফ রিপোর্টার ঃ বেসরকারী ডিগ্রী কলেজসমূহে বিষয়ভিত্তিক তিনজন করে শিক্ষকের এমপিওভুক্তির পক্ষে হাইকোর্ট ও সুপ্রিমকোর্টের আদেশ বাস্তবায়ন না করায় জাসদের পক্ষ থেকে ক্ষোভ প্রকাশ করা হয়েছে। এ বিষয়ে গতকাল (শনিবার) রাজধানীর শহীদ কর্নেল তাহের মিলনায়তনে বাংলাদেশ বেসরকারী কলেজ (তৃতীয়) শিক্ষক আন্দোলন পরিষদের নেতৃবৃন্দের সাথে জাসদ নেতৃবৃন্দের এক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে বেসরকারী কলেজ শিক্ষকদের পক্ষ থেকে বলা হয়, সরকারের নীতিমালা অনুযায়ী সম্পূর্ণ বৈধভাবে নিয়োগপ্রাপ্ত হয়ে পাঁচ বছরেরও বেশী চাকরি করার পরও সরকার ও কলেজ কর্তৃপক্ষের উদাসীনতার কারণে তাদের এখন পর্যন্ত এমপিওভুক্ত করা হয়নি। শিক্ষা মন্ত্রণালয়ের দ্বৈতনীতির কারণে দীর্ঘদিন বেতন-ভাতা না পেয়ে তারা পরিবার-পরিজন নিয়ে মানবেতর জীবনযাপন করছে। এমনকি এ ব্যাপারে হাইকোর্ট ও সুপ্রিমকোর্টের নির্দেশ থাকা সত্ত্বেও বেসরকারী কলেজ শিক্ষকদের এমপিওভুক্ত করা হচ্ছে না। জাসদের পক্ষ থেকে বেসরকারী কলেজ শিক্ষকদের এ অমানবিক অবস্থায় উদ্বেগ প্রকাশ করা হয় এবং এ ব্যাপারে সরকারের সাথে আলাপ করে সংকট সমাধানের চেষ্টা করার আশ্বাস দেয়া হয়।

বৈঠকে জাসদের পক্ষে উপস্থিত ছিলেন জাসদ সভাপতি হাসানুল হক ইনু, সাধারণ সম্পাদক সৈয়দ জাফর সাজ্জাদ, সাংগঠনিক সম্পাদক মোহাম্মদ খালেদ, প্রচার সম্পাদক আজিজুর রহমান এবং বাংলাদেশ বেসরকারী কলেজ (তৃতীয়) শিক্ষক আন্দোলন পরিষদের নেতৃবৃন্দের মধ্যে উপস্থিত ছিলেন আহ্বায়ক মীর্জা ছিদ্দিকুল ইসলাম ফরিদ, যুগ্ম আহ্বায়ক মিজারুল ইসলাম মিয়া প্রমুখ।